



বাচ্চা উৎপাদন এবং শিমুল মূল, অশ্বগন্ধা, মিশ্রি দানা, রোজেলা, শতমূল, গাছ আলু, ব্রুকের ফল এবং ডিমের খোসা দিয়ে জৈব সার উৎপাদন খাতসমূহকে ২০২৬-২০২৭ অর্থবছরে নতুন করে কৃষি ঋণ প্রাপ্তির উপযুক্ত হিসেবে সংযোজন;

- ✓ ২.৫ লক্ষ টাকা কৃষি ও পল্লী ঋণে সিআইবি চার্জ মওকুফ;
- ✓ আমদানি বিকল্প ফসলসমূহ (ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা) চাষে কৃষক পর্যায়ে ৪% রেয়াতি সুদ হারে ঋণ বিতরণ;
- ✓ গম ও ভুট্টা উৎপাদনে ১,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম;
- ✓ কৃষি ও পল্লী ঋণসহ সেবা পেতে গ্রাহকগণকে হয়রানির হাত থেকে রক্ষা এবং অভিযোগ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে গ্রাহক স্বার্থ সংরক্ষণ কেন্দ্রে (CIPC) যে কোনো ফোন থেকে ১৬২৩৬ হটলাইন নম্বরে অভিযোগ জানাতে পারবেন।



বাংলাদেশ ব্যাংকের উদ্ভাবন ও উদ্যোক্তাবান্ধব
আর্থিক সেবা, নীতি ও সুযোগসমূহ
কৃষি ঋণ বিভাগ
বাংলাদেশ ব্যাংক।



মেলায় প্রদর্শিত
সকল লিফলেট
পেতে স্ক্যান করুন



বাংলাদেশ ব্যাংকের উদ্ভাবন ও উদ্যোক্তাবান্ধব আর্থিক সেবা, নীতি ও সুযোগসমূহ



কৃষি ঋণ বিভাগ

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

Website : www.bb.org.bd

বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য হচ্ছে পল্লী অঞ্চলে টেকসই উন্নয়নের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে চাঙ্গা করা, কর্মসংস্থান সৃষ্টি ও গ্রামীণ জনগোষ্ঠীর আত্মনির্ভরশীলতা অর্জনের মাধ্যমে জাতীয় সামষ্টিক উৎপাদন বৃদ্ধি করা। দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও কৃষির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি ঋণ বিভাগ এর উদ্ভাবন, উদ্যোক্তাবান্ধব আর্থিক সেবা, নীতিসমূহ নিম্নে উল্লেখ করা হলো:



- ✓ ২০২৬-২০২৭ অর্থবছরে বিগত অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫৩.৮৫% বৃদ্ধি করে ৬০,০০০ কোটি টাকা কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ;
- ✓ বাংলাদেশে কার্যরত বিদেশি ব্যাংকসহ সকল তফসিলি ব্যাংকের জন্য কৃষি ও পল্লী ঋণ বিতরণ বাধ্যতামূলক;
- ✓ সার্বিক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচির মনিটরিং ব্যবস্থা জোরদারকরণ এবং নীতি প্রণয়নে ব্যবহারের জন্য বাংলাদেশ ব্যাংকের প্রস্তুতকৃত Web Based Agri-Credit MIS Software এর মাধ্যমে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন;
- ✓ প্রকৃত কৃষক সনাক্ত করার ক্ষেত্রে স্থানীয় কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপসহকারী কৃষি কর্মকর্তা, মৎস্য সম্পদ কর্মকর্তা ও প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়ন বা সরকার প্রবর্তিত কৃষক কার্ড সংক্রান্ত তথ্য ব্যবহারের নির্দেশনা প্রদান;
- ✓ মৎস্য ও প্রাণিসম্পদ খাতে ০৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ আবেদন এবং ২.৫ একর পর্যন্ত জমিতে লবণ উৎপাদনের ক্ষেত্রে অতিরিক্ত চার্জ ডকুমেন্ট গ্রহণ না করার নির্দেশনা প্রদান;
- ✓ কৃষি ঋণের মাধ্যমে গ্রামের ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের ক্রয়কৃত কৃষি যন্ত্রপাতি নিজে ব্যবহার করে এবং নির্দিষ্ট ভাড়ার বিনিময়ে অন্যদের জমিতে ব্যবহারের সুযোগ;

- ✓ ঋণ বিতরণের নিমিত্ত বিশেষ করে, নারী ও প্রান্তিক কৃষকের জন্য অর্থায়ন সহজীকরণের লক্ষ্যে প্রচলিত জমি বা স্থাবর সম্পত্তির পরিবর্তে বিকল্প জামানত (যেমন: ব্যক্তিগত জামানত, সামাজিক জামানত ও দলগত জামানত) ব্যবহারের পরামর্শ প্রদান;
- ✓ কৃষি ঋণ বিতরণে নারী, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং বর্গাচাষিদের অগ্রাধিকার প্রদান;
- ✓ কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে অপেক্ষাকৃত অনগ্রসর ও উপেক্ষিত এলাকায় (চর, হাওর, উপকূলীয় এলাকা, পাহাড়ি অঞ্চল, সাবেক ছিটমহলসমূহ ইত্যাদি) কৃষকদের কৃষি ও পল্লী ঋণ বিতরণে অগ্রাধিকার প্রদান;



- ✓ ইসলামি শরীয়াহভিত্তিক ব্যাংকসমূহ ইসলামিক ব্যাংকিং পদ্ধতিতে (বাই মুরাবাহা/মুয়াজ্জাল, বাই সালাম, হায়ার পারচেজ আন্ডার শিরকাতুল মিক্ক) কৃষির উৎপাদন খাতে বিনিয়োগ;
- ✓ কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতকল্পে চুক্তিবদ্ধ উৎপাদন (Contract Farming) ব্যবস্থার মাধ্যমে ঋণ বিতরণ;
- ✓ কৃষি ও পল্লী ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ তফসিলি ব্যাংকসমূহের অনর্জিত অংশ কর্তন করে 'বাংলাদেশ ব্যাংক এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কমন্স ফান্ড (বিবিএডিসিএফ)' ফান্ডে জমাপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম ব্যাংকের অনুকূলে তাদের চাহিদার প্রেক্ষিতে প্রান্তিক পর্যায়ে বিতরণের জন্য বরাদ্দ প্রদান করা হবে।
- ✓ জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কৃষি ঋণের ক্ষেত্রে ব্যাংক এবং কৃষক/গ্রাহক পারস্পরিক সম্পর্ক ও সম্মতির ভিত্তিতে গ্রাহককে বীমা সুবিধার আওতায় আনয়নে উৎসাহিতকরণ;
- ✓ হ্যাচারিতে মাছের পোনা উৎপাদন, উট, দুগ্ধা পালন, হাঁস-মুরগীর